# শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ (২০২২-২৩)

প্রশিক্ষণের বিষয়: আঞ্চলিক পর্যায়ে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন সংক্রান্ত প্রশিক্ষণ।

সময় : দুপুর ০১.৩০ ঘটিকা হতে বিকাল ০২.৩০ ঘটিকা পর্যন্ত (০১ ঘন্টা ব্যাপী)

তারিখ : ০৮/০৫/২০২৩ খ্রি:

**প্রশিক্ষণের সারাংশ:**

(ক) সংশ্লিষ্ট বিষয়ের অন্তর্ভূক্ত অংশঃ সিনিয়র প্লানার, সিলেট প্রশিক্ষণে সকলকে স্বাগত জানান। তিনি প্রশিক্ষণার্থীদের জানান যে, অত্র প্রশিক্ষণটি জাতীয় শুদ্ধাচর কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আওতায় বাৎসরিক ০২ (দুই) প্রশিক্ষণের ২য় ও শেষ প্রশিক্ষণ। তিনি প্রশিক্ষণার্থীদের PPT এর মাধ্যমে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়নের প্রেক্ষাপট; ০৩ (তিন) টি মূল কার্যক্রমসমূহ; প্রাতিষ্ঠানিক ব্যবস্থার নৈতিকতা কমিটির সভা; সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন (Stakeholder) সভা; শুদ্ধাচার সম্পর্কিত প্রশিক্ষণ; দপ্তরের কর্মপরিবেশ উন্নয়ন; ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচারের জন্য বাৎসরিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও প্রকাশ; দুর্নীতি প্রতিরোধে কমপক্ষে ০৩ (তিন) টি কার্যক্রম সম্পর্কে বিশদ আলোচনা করেন। তিনি প্রতিটি কার্যক্রমের কর্মপদ্ধতি, মূল্যায়ন পদ্ধতি এবং প্রমাণক সম্পর্কে আলোচনা করেন। অতঃপর তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত আঞ্চলিক/মাঠ পর্যায়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১টি নমুনা দেখান এবং এরই আলোকে প্রণীত সিলেট আঞ্চলিক অফিসের ২০২২-২৩ সালের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও মূল্যায়ন ছক প্রশিক্ষণার্থীদের দেখান। তিনি জানান যে, অত্র প্রশিক্ষণের PPT টি সিলেট আঞ্চলিক অফিসের তথ্য বাতায়নভুক্ত ওয়েবসাইটের (www.udd.sylhet.gov.bd) শুদ্ধাচার সেবাবক্সের "বিবিধ/অফিস আদেশ/প্রশিক্ষণসমূহ" লিংকে আপলোড করা আছে। পরিশেষে তিনি প্রশিক্ষণার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

(খ) প্রশিক্ষণার্থীদের মতামত/প্রতিক্রিয়াঃ প্রশিক্ষণার্থীরা শুদ্ধাচার কর্মকৌশল পরিকল্পনার মূল উপাদানসমূহ ও নম্বর প্রদান পদ্ধতি সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করেন।

(গ) শাখা প্রধানের বক্তব্যঃ এ ট্রেনিং এর মাধ্যমে শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ প্রণয়ন ও মূল্যায়ন সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করেন।

Shaheen Ahmed 08/05/2023

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

## উপস্থিতি তালিকাঃ

প্রশিক্ষণের বিষয়: আঞ্চলিক পর্যায়ে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন সংক্রান্ত প্রশিক্ষণ।

সময় : দুপুর ০১.৩০ ঘটিকা হতে বিকাল ০২.৩০ ঘটিকা পর্যন্ত (০১ ঘন্টা ব্যাপী)

তারিখ : ০৮/০৫/২০২৩ খ্রি:

প্রশিক্ষণ প্রদানকারীর নাম ও পদবী: জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার

| ক্র. নং | নাম | পদবী | প্রশিক্ষণার্থীর স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া 08/05/2023 |
| ২। | জনাব মোঃ নূরুজ্জামান ভূইয়া | রেখাকার | [signature] 08/05/2023 |
| ৩। | জনাব মোঃ রুবেল হোসেন | সার্ভেয়ার | [signature] 08/05/2023 |

Shaheen Ahmed 08/05/2023

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার ও প্রশিক্ষক
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট